মেহেরপুর পৌর বিএনপি’র বিক্ষোভ সমাবেশ ও মিছিল

জ্বালানী তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, বিদ্যুতের ভয়াবহ লোডশেডিং এবং সকল পণ্যের মূল্য বৃদ্ধির ও ভোলার পুলিশের গুলিতে ছাত্রনেতা নূরে আলম ও সেচ্ছাসেবক দলের নেতা আঃ রহিমকে হত্যার প্রতিবাদে মেহেরপুর পৌর বিএনপি’র বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলে ৫টার দিকে মেহেরপুর শহরের কাথুলী বাসস্ট্যান্ড এলাকায় এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন। পৌর বিএনপির সাধারণ সম্পাদক ওবায়দুল্লাহ ইসলাম সেন্টুর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি মারুফ আহমেদ বিজন, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রহিম মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম।

এছাড়াও এসময় জেলা বিএনপি যুগ্ম সম্পাদক আরিজুললা বাবলু মাস্টার, মাহাবুবুর রহমান মাহবুব, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা মহিলা দলের সভাপতি সাইয়েদাতুননেসা নয়ন,যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, সাধারণ সম্পাদক কাউছার আলী,জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু,ছাত্রদল নেতা আকিব জাভেদ সিনজিন প্রমুখ উপস্থিত ছিলেন। এ সময় মেহেরপুর সদর,গাংনী ও মুজিবনগর উপজেলা এবং বিভিন্ন ইউনিয়ন বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা বিভিন্ন বিক্ষোভ মিছিল করে সমাবেশে যোগদান করে।

এর আগে জ্বালানী তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, বিদ্যুতের ভয়াবহ লোডশেডিং এবং সকল পণ্যের মূল্য বৃদ্ধির প্রতিবাদে একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে সমাবেশের

কোটচাঁদপুর বিএনপি’র বিক্ষোভ ও সমাবেশ

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিএনপি’র বিক্ষোভ ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিকালে কোটচাঁদপুর স্থানীয় বাজার চত্বরে জ্বালানি তেল,পরিবহন ভাড়া, বিদ্যুৎতের অসহানীয় লোডশেডিং, দ্রব্য মূল্য বৃদ্ধি, ভোলায় পুলিশ কর্তৃক গুলি করে ছাত্র দল নেতা নুরে আলম ও স্বেচ্ছাসেবক দল নেতা আব্দুর রহিম হত্যার প্রতিবাদে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএনপি জাতীয় নির্বাহী কমিটি সহ সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু।

বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক। প্রধানবক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটি সহ তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সভাপতি এ্যাডঃ এম এ মজিদ, জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা। জেলা বিএনপির সাংগাঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু।

সভায় বক্তব্য রাখেন কোটচাঁদপুর উপজেলার সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান ও বিএনপি নেতা একরামুল হক, পৌর বিএনপির সহসভাপতি আব্দুর রশিদ সর্দার। এ ছাড়া উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন, সাংগাঠনিক সম্পাদক হারুন অর রশিদ, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মীর্জা টিপু। উপজেলা যুব দলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল, পৌর যুবদলের আহবায়ক ফয়েজ আহমেদ তুফান।

এর আগে বিক্ষোভ সমাবেশে যোগ দিতে কোটচাঁদপুর উপজেলার বিভিন্ন এলাকা থেকে নেতা-কর্মীরা স্থানীয় মেইন বাসস্ট্যান্ডে এসে জড়ো

হতে থাকে। পরে মিছিল বের হয়ে কোটচাঁদপুর বাজার চত্বরের সমাবেশে যোগ দেন। সভাটি সঞ্চালনা করেন কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল।

ঝিনাইদহ জেলা বিএনপির উদ্যোগে বিক্ষোভ মিছিল

জ্বালানি তেল, পরিবহন খাতে ভাড়া ও সকল পন্যের মূল্যবৃদ্ধিসহ ভোলায় পুলিশের গুলিতে নিহতের ঘটনায় ঝিনাইদহে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার সকালে শহরের মর্ডান মোড় থেকে পৌর বিএনপির উদ্যোগে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রেসক্লাবের সামনে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত সমাবেশে জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারন সম্পাদক জাহিদুজ্জামান মনা, এড মুন্সি কামাল আজাদ পান্নু, সাজেদুর রহমান পাপপু, আনোয়ারুল ইসলাম বাদশা, সদর পৌর বিএনপির আহবায়ক মোঃ আব্দুল মজিদ বিশ্বাস, পৌর বিএনপি’র সাধারন সম্পাদক মাহবুবুর রহমান শেখর, এনামুল কবীর মুকুল, জেলা স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক মোঃ শফিকুল ইসলাম শফি বিশ্বাস, সহ অংঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

সমাবেশে জেলা বিএনপির সভাপতি এ্যড এম এ মজিদ বলেন, ভারতের এই সেবাদাশ সরকার দেশ পরিচালনায় ব্যার্থ। সরকারের মন্ত্রী এমপিরা আউলায়ে গেছে। তাদের লাগামহীন ও দেশ বিরোধী কথায় প্রমান করে দেশের স্বাধীনতা ও সর্বভৌমত্ব ভারতের কাছে ইজারা দিয়েছে।

তিনি বলেন, রক্ত দিয়ে দেশ স্বাধীন হয়েছে ভারতের তাবেদারী করার জন্য নয়। মজিদ বলেন, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি করে হাসিনা সরকার দেশকে দুর্ভিক্ষের দিকে ঠেলে দিচ্ছে।

৭ দফা দাবিতে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির লিফলেট বিতরন

৭ দফা দাবিতে শহরে লিফলেট বিতরন করেছেন কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি। সোমবার বিকালে এ লিফলেট বিতরন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন, সহসভাপতি সাইফুর রহমান কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল, সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগাঠনিক সম্পাদক মির্জা টিপু,উপজেলা যুব দলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল।

পরে ৭ দফা দাবি সম্বলিত লিফলেট শহরের মানুষের মাঝে বিতরণ করেন নেতা-কর্মীরা। ৭ দফার মধ্যে রয়েছে জ্বালানি তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, পরিবহনের ভাড়াসহ সকল মূল্য বৃদ্ধি, বিদ্যুৎতের অসহানীয় লোডশেডিং ও স্যারের মূল্য বৃদ্ধি, ভোলায় পুলিশ কর্তৃক গুলি করে ছাত্র দল নেতা নুরে আলম ও স্বেচ্ছাসেবক দল নেতা আব্দুর রহিম হত্যার প্রতিবাদ,দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মুক্তি, দেশনায়ক তারেক রহমান কে বিনা বাধায় স্বদেশে প্রত্যবর্তন, তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনঃ প্রতিষ্ঠা দাবি অন্যতম।

অন্যদিকে কোটচাঁদপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে আগমী ২৪ তারিখের বিক্ষোভ সমাবেশ সফল করার লক্ষ্যে প্রস্তুতি সভা করা হয়।

মেহেরপুরে সদর উপজেলা বিএনপির

বিক্ষোভ সমাবেশ

জ্বালানী তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, বিদ্যুতের ভয়াবহ লোডশেডিং এবং সকল পণ্যের মূল্য বৃদ্ধির ও ভোলার পুলিশের গুলিতে ছাত্রনেতা নূরে আলম,সেচ্ছাসেবক দলের নেতা আঃ রহিমকে হত্যার প্রতিবাদে মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র উদ্যোগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে মেহেরপুর শহরের কাথুলী বাসস্ট্যান্ড এলাকায় এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি মারুফ আহমেদ বিজনের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন,জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান,ইলিয়াস হোসেন,মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম,সিনিয়র সহ-সভাপতি শহিদুল আলম, যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল হাসান রিপন, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক,জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল মিন্টু,ছাত্রদল নেতা আকিব জাভেদ সিনজিন,গাংনী পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা প্রমুখ। এ সময় মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর উপজেলা এবং বিভিন্ন ইউনিয়ন বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে বিএনপি – ছাত্রলীগ

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পরিবহন খাতে ভাড়া বৃদ্ধি, সকল পণ্যের মূল্য বৃদ্ধি, সারের সংকটসহ, লোডশেডিং এবং ভোলায় বর্বরোচিত হত্যার প্রতিবাদে, ঝিনাইদহ জেলা বিএনপির উদ্দ্যোগে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

শুক্রবার জেলা প্রেস ক্লাবের সামনে প্রতিবাদ সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক সফল ছাত্রনেতা, ঝিনাইদহ ২ আসনের একাদশ জাতীয় সংসদ নির্বাচনের বিএনপি মনোনীত প্রার্থী ও ঝিনাইদহ জেলা বিএনপির বিপ্লবী সভাপতি, জননন্দিত জননেতা, আলহাজ্ব এ্যাডঃ এম. এ মজিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সাবেক যুগ্ম আহবায়ক, জনাব মোঃ আব্দুল মালেক, জেলা বিএনপির সাবেক যুগ্ম আহবায়ক, জনাব মোঃ আক্তারুজ্জামান, পৌর বিএনপির সাবেক যুগ্ম আহবায়ক, জনাব মোঃ আব্দুল মজিদ বিশ্বাস, জেলা বিএনপির সংগ্রামী সাংগঠনিক সম্পাদক, জননেতা জনাব, মোঃ সাজেদুর রহমান পপ্পু সহ জেলা উপজেলা থেকে আগত বিএনপি এবং তার অঙ্গসংগঠনের সিনিয়ার নেতৃবৃন্দ।

উক্ত প্রতিবাদ সভায় সভাপতিত্ব করেন, সাবেক যুবনেতা ও জেলা বিএনপির সংগ্রামী সাধারণ সম্পাদক, জননেতা জনাব মোঃ জাহিদুজ্জামান মনা, সঞ্চালনা করেন, ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির সভাপতি, জনাব এ্যাডঃ মোঃ কামাল আজাদ পান্নু।

এর আগে স্বাধীনতার ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও বিএনপি’র চেয়ারপার্সন, সাবেক প্রধানমন্ত্রী আপোষহীন দেশনেত্রী বেগম খালেদা জিয়া’র কনিষ্ঠ পুত্র মরহুম আরাফাত রহমান কোকো’র ৫৩ তম জন্মবার্ষিকী উপলক্ষে ঝিনাইদহ জেলা বিএনপি কার্যালয়ে ঝিনাইদহ জেলা আরাফাত রহমান কোকো স্মৃতি সংসদের উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করেন দলটি।

মেহেরপুরে জেলা বিএনপির

প্রতিবাদ সমাবেশ

জ্বালানী তেল, সারের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি,পরিবহন খাতে ভাড়া বৃদ্ধি, বিদ্যূতের লোডশেডিং ও সকল পণ্যের মূল্য বৃদ্ধি এবং ভোলায় হত্যাকান্ডের বিরুদ্ধে মেহেরপুর জেলা বিএনপির প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকেলে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। প্রতিবাদ সমাবেশটির সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

এসময় বক্তব্য রাখেন, জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন,জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জুলফিকার আলী ভুট্ট, সহ সংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন মোল্লা, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরিজুললা বাবলু মাস্টার, মাহবুবুর রহমান মাহবুব, আব্দুল আউয়াল, মেহেরপুর সদর উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল হাসান রিপন প্রমুখ।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় অন্যদের মধ্যে, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক,জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল মিন্টু, জেলা মহিলা দলের সভাপতি সাইয়েদাতুননেসা নয়ন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম,গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু প্রমুখ বক্তব্য রাখেন।

এছাড়াও এ সময় মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর উপজেলা এবং বিভিন্ন ইউনিয়ন বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বন্যার্ত অসহায় মানুষের পাশে

দাড়ানো নৈতিক দায়ীত্ব—জাভেদ মাসদ মিল্টন

মেহেরপুর জেলা বিএনপির সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টন বলেছেন, সিলেটসহ দেশের বিভিন্ন স্থানে ভয়াবহ বন্যা মানুষকে নি:স্ব করে ফেলেছে। এই সময় অসহায় মানুষের পাশে দাড়ানো নৈতিক দায়ীত্ব। বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া তার খোঁজ না নিয়ে বন্যার্তদের পাশে দাঁড়ানোর নির্দেশ দিয়েছেন। বর্তমান সরকার বন্যার্তদের পাশে না দাড়িয়ে বিএনপির ত্রাণ কার্যক্রম নিয়ে উপহাস করে যাচ্ছেন। অথচ, হাহাকার করছেন সিলেটসহ দেশের বিভিন্ন স্থানের বন্যা পীড়িত মানুষ জন।

সারা দেশের বিএনপি নেতা কর্মীদের যার যতটুকু সামর্থ আছে তাই নিয়ে আজ তাদের পাশে দাড়িয়েছেন। বাংলাদেশে ভয়াবহ বন্যা পীড়িত জনগোষ্ঠীর কল্যাণে ত্রাণ সংগ্রহ অনুষ্ঠাণে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রবীন বিএনপি নেতা আব্দুল হালিম।

গাংনী উপজেলা ও পৌর বিএনিপির ইউনিয়ন বিএনপির ইউনিট প্রধানরা প্রধান অতিথি জাভেদ মাসুদ মিল্টনের হাতে স্থানীয় বিএনপিরনেতা কর্মীদের নিকট থেকে সংগ্রহীত ত্রাণের ২ লক্ষ ২০ হাজার টাকা তুলে দেন।

গাংনী পৌর বিএনপির সম্পাদক মকবুল হোসেন মেঘলার উপস্থাপনায় এসময় বক্তব্য রাখেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল আওয়াল, জেলা বিএনপির সহ-সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান সিরাজুল ইসলাম, জেলা বিএনপির সাংগাঠনিক সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইসচেয়ারম্যান জুলফিকার আলী ভূট্টো, জেলা বিএনপির সহসভাপতি শহিদুল ইসলাম নাসির, জেলা মহিলা দলের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক মহিলা ভাইসচেয়ারম্যান লাইলা আরজুমান বানু, গাংনী উপজেলা কৃষক দলের আহবায়ক আব্দুস সাত্তার, গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত মেয়র ও বিএনপি নেতা ইনসারুল হক ইনসু ষোলটাকা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা মনিরুল ইসলাম মনি, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের

সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা জাহাঙ্গীর আলম, গাংনী পৌরসভার কাউন্সিলর ও বিএনপি নেতা আতিয়ার রহমান. মটমুড়া ইউনিয়ন বিএনপির সভাপতি হামিদুল হক, বামন্দী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নওশাদ আলী, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস, সদস্য সচিব জাহিদুল হক জাহিদ, পৌর যুবদলের আহবায়ক সাবেক কাউন্সিলর সাইদুল ইসলাম, সদস্য সচিব সাবেক কাউন্সিলর এনামুল হক, উপজেলা স্বেচ্চাসেবক দলের আহবায়ক শহিদুল ইসলাম, সদস্য সচিব হারুন উর রশিদ বাচ্ছু, পৌর স্বেচ্চাসেবক দলের আহবায়ক ইনামুল হক, সদস্য সচিব জামাল উদ্দীন, উপজেলা ছাত্রদলের আহবায়ক বিপ্লব হোসেন, সদস্য সচিব রিপন হোসেন, পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল আহম্মেদ, সদস্য সচিব শাকিল আহম্মেদ প্রমুখ।

এসময় উপজেলা, পৌর বিএনপি’র নেতৃবৃন্দ বিভিন্ন ইউনিয়ন বিএনপির কমিটির সভাপতি সাধারণ সম্পাদকসহ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

কেন্দ্রীয় বিএনপির নির্দেশনামতে বন্যার্তদের পাশে দাড়াতে গাংনী উপজেলা ও পৌর বিএনপির বিভিন্ন ইউনিট থেকে ২ লাখ ২০ হাজার টাকা উত্তেলন করা হয়েছে।

মটমুড়া ইউনিয়ন বিএনপি ৩০ হাজার, বামন্দী ইউনিয়ন বিএনপি ৩০ মটমুড়া ৩০ হাজার টাকাসহ গাংনী পৌরসভা ও ৭টি ইউনিয়ন থেকে ২০ হাজার টাকা করে ত্রাণ তহবিলে জমা দেন।

মেহেরপুরে জামায়াত ও বিএনপির ১২ নেতা কর্মী কারাগারে

নাশকতার অভিযোগে মেহেরপুর জেলা জামায়াত বিএনপির ১২ নেতাকর্মীকে কারাগারে পাঠিয়েছেন আদালত।

বুধবার (৬ জুলাই) বিকাল সাড়ে তিনটার সময় মেহেরপুর চীফ জুডিশীয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক আবু বক্কর সিদ্দিকের আদালতে হাজির হয়ে জামিন চাইলে বিচারক তাদের জামিন নামুঞ্জর করে কারাগারে

পাঠানোর নির্দেশ দেন।

আসামিরা হলেন, মেহেরপুর জেলা জামায়াতের নায়েবে আমীর ও সদর উপজেলার সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মাহাবুব উল আলম, জেলা জামায়াতের রাজনৈতিক সেক্রেটারী রুহুল আমিন, জেলা জামায়াতের তারবিয়াত সেক্রেটারী রফিকুল ইসলাম, মেহেরপুর সদর উপজেলা জামায়াতের সাধারণ সম্পাদক ও সাবেক মেম্বর জাব্বারুল ইসলাম, মেহেরপুর শ্রমিক কল্যাণ ফেডারেশনের জেলা কমিটির সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা জামায়াতের অর্থ সম্পাদক মহসিন আলী, জামায়াত কর্মী সাইফুল ইসলাম, রমজান আলী, বিএনপি কর্মী আলেহীম হোসেন, শাহাবুদ্দীন আহম্মেদ ও মখলেছুর রহমান।

মেহেরপুর সদর উপজেলার হিজুলী গ্রামের একটি বাড়িতে অভিযান চালিয়ে গত ১৬ মে সোমবার দিনগত রাত ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলার হিজুলী গ্রামের সাবেক মেম্বর জামায়াত নেতা আব্দুল জব্বারের বাড়িতে অভিযান চালিয়ে হিজুলি গ্রামের ফয়জুল মালিথা (৫৫) ও সাবের আলী(৫০) নামের ২ জন জামায়াত নেতাকে আটক করে সদর থানা পুলিশ। ওই অভিযানে বিপুল পরিমাণ জিহাদি বই, মাসিক কর্মপরিকল্পনা ও অন্যান্য কাগজপত্রসহ জব্দ করেন বলে পুলিশ দাবী করেন।

ওই ঘটনায় সদর থানা পুলিশ বাদী হয়ে জামায়াতের নেতা কর্মীদের নামে সরকার বিরোধী নাশকতার পরিকল্পণা ও বিস্ফোরক দ্রব্য আইনে মামলা দায়ের করেন। যার মামলা নং ১৮৯/২২ ইং। মামলায় আসামিরা উচ্চ আদালত থেকে জামিনে ছিলেন।